



বাংলাদেশ সিকিউরিটিজ অ্যান্ড এক্সচেঞ্জ কমিশন  
সিকিউরিটিজ কমিশন ভবন  
ই-৬/সি আগারগাঁও, শের-ই-বাংলা নগর প্রশাসনিক এলাকা, ঢাকা-১২০৭  
www.sec.gov.bd



সূত্র নং- বিএসইসি/সার্ভেইল্যান্স/মুখপাত্র (৫ম খন্ড)/২০১৯/২২৮

তারিখঃ

২৯ পৌষ, ১৪২৭ বঙ্গাব্দ  
১৩ জানুয়ারি, ২০২১ খ্রিষ্টাব্দ

### প্রেস বিজ্ঞপ্তি

৭৫৭ তম কমিশন সভা অদ্য ১৩/০১/২০২১ তারিখে কমিশনের সভা কক্ষে চেয়ারম্যান অধ্যাপক শিবলী রুবাইয়াত-উল-ইসলাম এর সভাপতিত্বে অনুষ্ঠিত হয়। সভায় অন্যান্যের মধ্যে নিম্নবর্ণিত সিদ্ধান্ত গৃহীত হয়েছেঃ-

০১. কমিশন অদ্যকার সভায়, স্টক ব্রোকার এবং মার্চেন্ট ব্যাংকার (পোর্টফোলিও ম্যানেজার) কর্তৃক মার্জিন ঋণ (Margin Loan) প্রদানের বিপরীতে গ্রাহকের নিকট হইতে কষ্ট অব ফান্ড (Cost of fund) এর সহিত অতিরিক্ত সর্বোচ্চ ৩% স্প্রেড (Spread) আদায় করিতে পারিবে কিন্তু তাহা কোনক্রমেই ১২% এর বেশী হইতে পারিবে না মর্মে সিদ্ধান্ত গ্রহণ করেছে।
০২. কমিশন অদ্যকার সভায়, Skys Securities Ltd. (CSE TREC No.84) কর্তৃক Rule 8(1) of Securities and Exchange Rules, 1987 আইন সহ মার্জিন ঋণ প্রদান সংক্রান্ত কমিশনের Directive ভঙ্গের দায়ে ০২ (দুই) লক্ষ টাকা জরিমানা করার সিদ্ধান্ত গ্রহণ করেছে।
০৩. কমিশন অদ্যকার সভায়, Subvalley Securities Limited (DSE TREC No. 168) কর্তৃক Rule 4 (1) and 8(1) of the Securities and Exchange Rules, 1987 and Bye law 7.3.3(b) of the Centre Depository Bangladesh Limited Bye laws ভঙ্গ সহ Margin Rule, 1999 ভঙ্গের দায়ে ০২ (দুই) লক্ষ টাকা জরিমানা করার সিদ্ধান্ত গ্রহণ করেছে। এছাড়াও Mr. Ikbal Hossain (Authorized Representative of Subvalley Securities Limited (DSE TREC No. 168) কর্তৃক ক্রয়/বিক্রয় আদেশ ফর্মে সইবিহীন ট্রেড সম্পাদন করায় Rule 4(1) of Securities and Exchange Rules, 1987 আইন ভঙ্গের দায়ে Authorized Representative Mr. Ikbal Hossain কে ০১ (এক) লক্ষ টাকা জরিমানা করার সিদ্ধান্ত গ্রহণ করেছে।
০৪. কমিশন অদ্যকার সভায়, IDLC Finance Limited এর ৫০০ কোটি টাকার ০৪ বছর মেয়াদী Unsecured, Non-convertible, Zero Coupon Bond এর প্রস্তাব অনুমোদন করেছে। স্থানীয় আর্থিক প্রতিষ্ঠান, ইনস্যুরেন্স কোম্পানি, বিভিন্ন ফান্ড, কর্পোরেটস-সহ অন্যান্য যোগ্য বিনিয়োগকারীদেরকে প্রাইভেট প্লেসমেন্টের মাধ্যমে বন্ডটি ইস্যু করা হবে। উল্লেখ্য, এই বন্ড ইস্যুর মাধ্যমে বিভিন্ন প্রতিষ্ঠান থেকে অর্থ উত্তোলন করে IDLC Finance Limited এর চলমান আর্থিক চাহিদা পূরণ করবে। এই বন্ডের প্রতি ইউনিটের অভিহিত মূল্য ৫০,০০,০০০/- (পঞ্চাশ লক্ষ) টাকা। বন্ডটির Trustee এবং Mandated Lead Arranger হিসাবে যথাক্রমে EC Securities Limited এবং IDLC Finance Limited কাজ করছে।

*Mohammad*  
13-01-2021

মোহাম্মদ রেজাউল করিম

নির্বাহী পরিচালক (চলতি দায়িত্ব) ও মুখপাত্র